দৈনিক
ইত্তেফাক

তারিখ 08 NOV 2007
পৃষ্ঠা ... কলাম ...

# পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষা চলতি মাসে

শাহজাহান শুভ ঃ দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ২০০৭-০৮ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষা চলতি মাসেই শুরু হচ্ছে। ভর্তি পরীক্ষাকে সামনে রেখে ছাত্রছাত্রীদের এখন ঘুম হারাম। এদিকে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি কার্যক্রমে কোন সমন্বয় না থাকায় বিপাকে পড়েছেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। বিগত বছরের মতো এবারও একাধিক পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই দিনে ভর্তি পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে। ফলে হাজার হাজার শিক্ষার্থীর একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ থেকে বঞ্চিত হওয়ার আশংকা দেখা দিয়েছে। ভর্তিচ্ছু শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা অবিলম্বে ভর্তি পরীক্ষা সময়সূচী পুনরায় নির্ধারণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছেন। মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিযুদ্ধ শুরু হয়েছে। তবে পুরোদমে ভর্তি যুদ্ধ শুরু হচ্ছে চলতি মাসে। আজ (বৃহস্পতিবার) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি পরীক্ষা মধ্য দিয়ে শুরু হচ্ছে অনার্স ভর্তিযুদ্ধ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরম বিতরণ ও গ্রহণ শুরু হয়েছে গত ৪ নভেম্বর। চলবে ১৮ নভেম্বর পর্যন্ত। আগামী ৩০ নভেম্বর বাণিজ্য অনুষদভুক্ত 'গ' ইউনিটের মধ্য দিয়ে এবার ভর্তি পরীক্ষা শুরু হবে। এছাড়া ৭ ডিসেম্বর বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদভুক্ত 'ক' ইউনিটের, ১১ জানুয়ারি কলা ও আইন অনুষদভুক্ত 'খ' ইউনিটের (যা ২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল) এবং বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের পরীক্ষা আগামী ৪ জানুয়ারি অনুষ্ঠিত হবে। এবার মোট ৪ হাজার ৫৮৪টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি পরীক্ষা আজ অনুষ্ঠিত হচ্ছে। সকাল ৯টায় শুরু হয়ে বিকাল ৩টা পর্যন্ত পরীক্ষা চলবে। এ বছর ৮৮৫টি আসনের বিপরীতে ৫ হাজার ৯৫৪ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়া ইতোমধ্যে শেষ হয়েছে। সবক'টি ইউনিটের ভর্তি পরীক্ষা ১৫ নভেম্বর থেকে শুরু হয়ে ৪ ডিসেম্বর শেষ হবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ ও জমা নেয়া চলবে ১৬ ডিসেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা শুরু হবে ৬ জানুয়ারি। চলবে ১৪ জানুয়ারি পর্যন্ত। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে ১২ নভেম্বর থেকে। ১৬ তারিখ বিরতি দিয়ে ২৫ নভেম্বর ভর্তি পরীক্ষা শেষ হবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ ও জমা নেয়া শুরু হবে ২০ ডিসেম্বর থেকে। চলবে ৮ জানুয়ারি পর্যন্ত। ২১, ২২ ও ২৩ জানুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়া হবে ১১ নভেম্বর থেকে ২৯ নভেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা শুরু হবে ১১ জানুয়ারি। 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১১ জানুয়ারি। 'খ' ইউনিটে ১৮, 'গ' ইউনিটে ৮ ফেব্রুয়ারি ও 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা ১ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়ার শেষ তারিখ ২৯ নভেম্বর। সারাদেশে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৫ জানুয়ারি। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিতরণ ও জমা নেয়া হবে ২৯ নভেম্বরের মধ্যে। 'খ' ও 'ঘ' ইউনিটের মধ্য দিয়ে ১২ ডিসেম্বর ভর্তি পরীক্ষা শুরু হবে। ১৩ ডিসেম্বর 'ক' ও 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (ময়মনসিংহ) চলতি শিক্ষাবর্ষের অনার্স ভর্তি (লেভেল-১, সেমিস্টার-১) ভর্তি পরীক্ষার ফরম বিতরণ গত সপ্তাহে শুরু হয়েছে। চলবে ২ ডিসেম্বর পর্যন্ত। জিপিএ-কে প্রাধান্য দিয়ে নতুন নিয়মে মেধাক্রম তৈরি করে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। প্রতি অনুষদে নতুন শিক্ষাবর্ষে ২০ শতাংশ করে আসন বৃদ্ধি করা হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ইতোমধ্যে বিক্রি শুরু হয়েছে। ৩ ডিসেম্বরের মধ্যে ভর্তি ফরম জমা দিতে হবে। ১০ থেকে ১২ জানুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ফরম বিতরণ ও জমা নেয়া হবে ১৫ নভেম্বর পর্যন্ত। ২৩ নভেম্বর সকাল ১০টায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৮ ফেব্রুয়ারি। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (মাভাবিপ্রবি) কম্পিউটার সায়েন্স অনুষদে বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রথমবর্ষে ভর্তি ফরম বিক্রি শুরু হবে ১৪ নভেম্বর থেকে। চলবে ১২ ডিসেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ জানুয়ারি। বঙ্গবন্ধু শেখ মুজিব কৃষি বিশ্ববিদ্যালয়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৪ নভেম্বর। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৭ জানুয়ারি। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৬ নভেম্বর সকাল ৯টায়। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৭ ডিসেম্বর, সকাল সাড়ে ৯টায়। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৪ নভেম্বর সকাল ১০টায়। পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ জানুয়ারি। কলেজ অব টেক্সটাইল টেকনোলজিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৩ নভেম্বর সকাল ১০টায়। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৮ ফেব্রুয়ারি সকাল ১০টায়।

**সমন্বয়হীন ভর্তি প্রক্রিয়া**

চলতি বছর এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রায় ১ লাখ শিক্ষার্থীর উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ না পাওয়ার আশংকা রয়েছে। উচ্চশিক্ষায় ভর্তির সুযোগ সীমিত হওয়ার কারণে প্রতি বছর তীব্র ভর্তিযুদ্ধের মুখোমুখি হতে হয় মেধাবীদের। তাছাড়া উচ্চশিক্ষায় ভর্তি পরীক্ষায় সমন্বয় না থাকায় বিপাকে পড়তে হয় শিক্ষার্থীদের। ফলে একদিকে শূন্য থাকে হাজার হাজার আসন, অন্যদিকে একই দিনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা থাকায় প্রতিযোগিতা থেকে ছিটকে পড়েন মেধাবীরা। এবারও একই দিনে বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে।

**একই দিনে একাধিক বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা ঃ শিক্ষার্থীদের দুর্ভোগ**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৫ নভেম্বর থেকে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। শেষ হবে ২৭ নভেম্বর। এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়েও উল্লিখিত সময়ের মধ্যে ভর্তি পরীক্ষার সময়সূচী নির্ধারিত হয়েছে। জাহাঙ্গীরনগর কর্তৃপক্ষ ঘোষিত সময়সূচী অনুযায়ী ১৫ ও ১৭ নভেম্বর সকাল সাড়ে ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে। 'ঘ' ইউনিট ১৮ থেকে ২০, 'খ' ইউনিট ২০ থেকে ২৪ এবং 'গ' ইউনিটের পরীক্ষা ২৫ থেকে ২৭ নভেম্বর অনুষ্ঠিত হবে। একই সময়ে ১২ থেকে ১৫ নভেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) কৃষি ও এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট অনুষদের ভর্তি পরীক্ষা আগামী ২৩ নভেম্বর সকাল ১০টায় অনুষ্ঠিত হবে। একই দিনে ও একই সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের এবং ঢাকা ডেন্টাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ভর্তি পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ জানুয়ারি। একই দিনে পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তিচ্ছু এক শিক্ষার্থী জানান, একই দিনে একাধিক পরীক্ষার তারিখ ঘোষণা করায় তার মতো হাজার হাজার পরীক্ষার্থী বিপাকে পড়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ভর্তি পরীক্ষায় তারিখ নির্ধারণে সমন্বয় থাকলে এ সমস্যা হতো না। সেই সঙ্গে তিনি পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণেরও দাবি জানান।